

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মার্চ ১৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জননিরাপত্তা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সীমান্ত-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ০১ ফাল্গুন ১৪৩০/১৪ ফেব্রুয়ারি ২০২৪

নং ৪৪.০০.০০০০.১১৬.০৪.০২৮.২৩.৩০—আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বীরত্বপূর্ণ/কৃতিত্বপূর্ণ কাজের স্বীকৃতিস্বরূপ বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর জন্য ০৪টি ক্যাটাগরিতে ৬০ (ষাট) টি পদকের স্থলে ৭২ (বাহাত্তর) টি-তে উন্নীত করে নিম্নরূপভাবে সুবিন্যস্ত করা হলো :

ক্রমিক	পদকের নাম	বিদ্যমান পদক সংখ্যা	অনুমোদিত পদক সংখ্যা	এককালীন অনুদান (টাকা)	মাসিক ভাতা (টাকা)
০১.	বর্ডার গার্ড বাংলাদেশ পদক	১০ (দশ) টি	১২ (বার) টি	১,০০,০০০	১,৫০০
০২.	প্রেসিডেন্ট বর্ডার গার্ড পদক	২০ (বিশ) টি	২৪ (চব্বিশ) টি	৭৫,০০০	১,০০০
০৩.	বর্ডার গার্ড বাংলাদেশ (সেবা) পদক	১০ (দশ) টি	১২ (বার) টি	৭৫,০০০	১,৫০০
০৪.	প্রেসিডেন্ট বর্ডার গার্ড (সেবা) পদক	২০ (বিশ) টি	২৪ (চব্বিশ) টি	৫০,০০০	১,০০০
	সর্বমোট =	৬০ (ষাট) টি	৭২ (বাহাত্তর) টি		

(২৩৮৩)

মূল্য : টাকা ৪.০০

০২। পদক প্রদানের শর্তাবলি :

- (ক) উল্লিখিত পদক প্রদানের জন্য বর্ডার গার্ড বাংলাদেশ এর জন্য বিদ্যমান অনুসরণীয় পদ্ধতি/নিয়মাবলী বহাল থাকবে।
- (খ) পদক প্রাপ্তদের এককালীন অনুদান ও মাসিক ভাতা বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) এর বাৎসরিক বাজেট বরাদ্দ হতে নির্বাহ করতে হবে।

০৩। উক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৯-০৯-২০২৩ তারিখের ০৪.০০.০০০০.১১১.০৪.০৩০.১৮.১৯৫ সংখ্যক পত্র ও অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ২৪-১২-২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৭৪.৪৪.০০৬.২৩.৭১ সংখ্যক পত্রের সম্মতি এবং ১২-০২-২০২৪ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

০৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ আবদুল ছালাম
উপসচিব।